

দৈনিক পূর্বকোণ



বিভিন্ন হাসপাতালে কেডিএস গ্রুপের চিকিৎসা সুরক্ষাসামগ্রী ও মাস্ক বিতরণ

নগরীর বিভিন্ন হাসপাতালে কেডিএস গ্রুপের চিকিৎসা সুরক্ষাসামগ্রী ও মাস্ক বিতরণ

চিকিৎসকসহ স্বাস্থ্যকর্মীদের সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষে করোনা চিকিৎসায় ডিসি (দক্ষিণ) চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি), চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালসহ মহানগরীর আরও ৬টি বেসরকারি হাসপাতালে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই) এবং মাস্ক বিতরণ করেছে কেডিএস গ্রুপ। গত ২৮ ও ২৯ মার্চ দিনব্যাপী এ কর্মসূচি পালন করে কেডিএস গ্রুপ। পিপিই বিতরণকৃত হাসপাতালগুলো হলো চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, সিএসসিআর হাসপাতাল, চট্টগ্রাম মেট্রোপলিটন হাসপাতাল, ডেপ্টা হাসপাতাল, রয়েল হাসপাতাল, সার্জিক্সোপ হাসপাতাল এবং পার্কভিউ হাসপাতাল। এছাড়া ডিসি (দক্ষিণ) চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি) এর কাছেও পিপিই সুরক্ষাসামগ্রী হস্তান্তর করা হয়েছে। কেডিএস গ্রুপের পক্ষ থেকে মানব সম্পদ বিভাগের প্রধান সাইফুল আবেদিন এবং বিজ্ঞাপন ও বিপণন বিভাগের প্রধান সাজ্জাদ আল মামুনের সমন্বয়ে গঠিত একটি টিম হাসপাতালের পরিচালক ও প্রশাসনিক কর্মকর্তাদের নিকট এই সুরক্ষা সামগ্রী হস্তান্তর করেন। সকল হাসপাতালের পরিচালক ও প্রশাসনিক কর্মকর্তাবৃন্দ কেডিএস গ্রুপের এ উদ্যোগের প্রশংসা করেন এবং মানবকল্যাণে কেডিএস গ্রুপের কাজকে অব্যাহত রাখার আহ্বান জানান।-বিজ্ঞপ্তি